

## ❖ ক-বিভাগ ❖

(স্মৃতি থেকে নেওয়া)

1. কর্মশিক্ষায় উৎপাদিত দ্রব্যাদির গুণাগুণের মূল্যায়ণ কিভাবে করা যায়, দুটি বাক্যে লিখুন। 2. কর্মশিক্ষার শিক্ষকদের শিক্ষাদানের মানোন্নয়নে নবায়নী প্রশিক্ষণের (রিফ্রেশার্স ট্রেনিং) প্রয়োজন কেন? 3. ছাত্ররা উৎপাদন ক্ষেত্র পরিদর্শনে যাবে। পরপর কী কী ধাপে আপনি তার পরিকল্পনা করবেন? 4. শিক্ষা সহায়ক উপকরণ হিসাবে ফ্লানেল বোর্ড তৈরি করার পদ্ধতি লিখুন। 5. কর্মশিক্ষা ও সমাজোপযোগী উৎপাদনাত্মক কর্ম, কথা দুটির একই তাৎপর্য। এ উক্তিটির সপক্ষে দুটি যুক্তি দিন। 6. প্রকল্প পদ্ধতির চারটি স্তর কীভাবে কর্মশিক্ষার অন্যান্য শিক্ষণ পদ্ধতিগুলিকে প্রভাবিত করে? 7. কর্মশিক্ষার মাধ্যমে শিক্ষার্থীর মনোভঙ্গিগত দুটি পরিবর্তন দৃষ্টান্তসহ উল্লেখ করুন। 8. 'হয়ে ওঠার জন্য শেখা'—কর্মশিক্ষা কীভাবে এই ধারণাকে সফল করে তোলে। 9. বৃত্তিশিক্ষা ও কর্মশিক্ষার মধ্যে পার্থক্য কী? 10. কর্মশিক্ষার পাঠ্যসূচি রূপায়ণে দুটি প্রধান সমস্যা ও তার সমাধানের উপায় নির্দেশ করুন।

## ❖ বিভাগ—খ ❖

11. বিদ্যালয়ের অফিসে কম্পিউটারের দুটি ব্যবহার উল্লেখ করুন। 12. স্ক্রিন মুদ্রণে সমকোণী কাঠের ফ্রেমটি কিভাবে ব্যবহার করা হয়? 13. মৃত্তিকার উর্বরতা রক্ষার কয়েকটি উপায় লিখুন। 14. ভেষজ উদ্ভিদের চাষের ক্ষেত্রে কোন কোন দিকে নজর রাখা প্রয়োজন? 15. আপনার ছাত্র স্পেড শিটে নতুন টেবল ঢোকাতে চায় বা বদলাতে চায়; সে কি পদ্ধতিতে করবে? 16. খাদ্য সংরক্ষণের জন্য কি কি বাণিজ্যিক প্রণালী অবলম্বন করা হয়? 17. 'বৈদ্যুতিক আকর্ষণ' বিষয়টি দৃষ্টান্ত দিয়ে ছাত্রদের কিভাবে বোঝাবেন? এ থেকে তড়িৎ বিজ্ঞানীরা কোন সূত্র গঠন করেছিলেন? 18. সালোয়ার তৈরি করার মাপ ও পদ্ধতি লিখুন। 19. পাট থেকে কি কি ঘরোয়া জিনিস তৈরি করা যায়? 20. মাটির পাত্র পোড়াবার পদ্ধতি কি? 21. বাটিক ছাপার একটি নকশা আঁকুন। 22. ইউরিয়া সারের গুণাগুণ কী? 23. ক্রিয়োজোট তেল কিভাবে পাওয়া যায়? জীবাণুনাশক হিসাবে সোজাসুজি এই তেল ব্যবহার না করে ফিনাইলে দেওয়া হয় কেন? 24. সোপস্টক বলতে কি বোঝায়? 25. দু-পাটের সায়ার কাপড়ের নকশায় মার্কিং করুন। 26. বৈদ্যুতিক ঘণ্টার মূল নীতি কি? 27. হার্ডওয়্যার ও সফটওয়্যার কি, উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন। 28. ছাত্র কম্পিউটারে বানানগত ও ব্যাকরণগত ভুল করেছে। কিভাবে সে ঐগুলি নির্ণয় করবে? 29. গোলাপ চারা তৈরির জন্য চোখ কলমের ছবি আঁকুন। 30. জৈব প্রযুক্তির জ্ঞান কিভাবে কর্মশিক্ষার প্রকল্পে সহায়ক হতে পারে?